

**West Bengal State University**  
**B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2012**  
**PART-II**

**বাংলা - সাম্মানিক**  
**তৃতীয় পত্র**

Duration : 4 Hours

Full Marks : 100

উন্নত যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১. মিশ্রকলাবৃত্ত (অক্ষরবৃত্ত বা তান প্রধান) ছন্দের প্রকৃতি এবং বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে দিন। 12

অথবা

যে-কোনো দুটি বিষয়ে টীকা লিখুন : 2 × 6 = 12

যতি, মুক্তক ছন্দ, অমিত্রাক্ষর ছন্দ, পর্ব।

২. যে কোনো দুটি অংশের ছন্দোলিপি রচনা করুন : 2 × 4 = 8

ক ) গোধূলির রঙে আজ গোটারাত দহন বিধুর

প্রতিদিন লিপি থেকে আজকের রাতখানা বেবাক লোপাট

এরকম অতমস রাত্রির কোনো কাহিনি ইতিহাসে নেই

অথচ এ রাত্রি আদৌ অনেতিহাসিক নয়

খ) এদিকে এক অন্য ছোঁড়া, ইতস্তত

চেউ তোলে যে শস্তা চায়ের গুলতানিতে,

ঠাট্টা করে হাসতে গিয়ে অতর্কিতে

ভাবে : আরে ! লোকটা যে ঠিক আমার মতো !

গ) আজু রজনী হাম ভাগে পোহায়লুঁ

পেখলুঁ পিয়ামুখ চন্দা

জীবন ঘোবন সফল করি মানলুঁ

দশদিশ ভেল নিরদন্দা

ঘ) শুধু কবিতার জন্য এই জন্ম, শুধু কবিতার

জন্য কিছু খেলা, শুধু কবিতার জন্য একা হিম সন্ধ্যাবেলা

ভূবন পেরিয়ে আসা, শুধু কবিতার জন্য

অপলক মুখশ্রীর শান্তি এক ঝলক ;

৩. রূপক অলংকারের সংজ্ঞা লিখুন। এই অলংকারের বিভিন্ন বিভাগগুলি উদাহরণসহ আলোচনা করুন।

12

#### অথবা

যে কোনো দুটি অলংকারের উদাহরণসহ ব্যাখ্যা করুন :

 $2 \times 6 = 12$ 

বক্রেক্ষি, ব্যতিরেক, ব্যাজস্তুতি, উৎপ্রেক্ষা

৪. যে কোনো দুটি উদ্ভূতির অলংকার নির্ণয় করুন :

 $2 \times 4 = 8$ 

ক) তরল তব সজল দিঠি মেঘের চেয়ে কালো।

খ) শীতের ওঢ়ন্নী পিয়া গীরিষির বা।

বরিষার ছত্র পিয়া দরিয়ার না।

গ) পূরব দুয়ারে নীল ভৈরব মূরতি

বৃথা নিদ্রাদেবী তথা সাধিছেন তারে।

ঘ) এখানে হাওয়ায় যেন ভালোবাসা বীজ হয়ে আছে।

ঙ) এখানে শহর চঞ্চলতায় প্রগলভ।

৫. গৌরচন্দ্রিকা কাকে বলে ? গৌরাঙ্গ বিষয়ক সমস্ত পদকেই কি গৌরচন্দ্রিকা বলা চলে ? পাঠ্য পদ অবলম্বনে রাধা-কৃষ্ণ লীলাশ্রিত পদাবলীর ক্ষেত্রে গৌরচন্দ্রিকার গুরুত্ব আলোচনা করুন।

 $4 + 4 + 7$ 

10.

#### অথবা

জ্ঞানদাস চঙ্গীদাসের এবং গোবিন্দদাস বিদ্যাপতির ভাবশিষ্য হিসাবে পরিচিত। এই পরিচিতির কারণগুলি কি ?  
এ প্রসঙ্গে দৃষ্টান্ত দিয়ে দেখান কোন দিক থেকেই বা তাঁরা স্বতন্ত্র।

 $4 + 4 + 7$ 

৬. গিরিরাজ পুরুষ এবং গিরিরাণী নারী বলেই তাঁদের সন্তান-স্নেহের প্রকাশ ভিন্ন, চিন্তাধারাও ভিন্ন — আগমনী ও বিজয়ার  
পদ অবলম্বনে উক্ত মন্তব্যের তাৎপর্য পরিস্ফুট করুন।

15

#### অথবা

‘ভক্তের আকৃতি’ পর্যায়ের বৈশিষ্ট্য কী ? শক্তিসাধক রামপ্রসাদের সাধনার স্বরূপ এবং রচনার কাব্যমূল্য নিরূপণ করুন।

৭. ‘দাম্পত্য জীবনের নানা ঘটনায়, সংসারের অভাবে ও দারিদ্র্যে, কোন চরিত্রের শর্তায় কিংবা কৃত্যুতায় কবি আবিষ্কার  
করেন হাস্যরসের ফল্লুধারাকে।’ উক্ত মন্তব্যের আলোকে কবিকঙ্গ চঙ্গীর কালকেতু আখ্যানে হাস্যরসকে সম্বন্ধিত  
পরিস্ফুট করুন।

15

#### অথবা

‘বণিকসহ কালকেতুর কথোপকথন’ ও ‘কালকেতুর অঙ্গুরী বিক্রয়’ অংশ অবলম্বনে মুরারি শীল চরিত্রির পরিচয় দিন।

F

৮. সথি কি পুছসি অনুভব মোয়  
সোই পিরিতি অনু- রাগ বাখানিতে  
তিলে তিলে নৃতন হোয় ॥

— কোন্ত পর্যায়ের পদ ? পদকর্তা কে ? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করুন।

1 + 1 + 3

12  
অথবা

এ সথি হামারি দুখের নাহি ওর।

এ ভরা বাদর মাহ ভাদর

শূন্য মন্দির মোর।

— কোন্ত রস পর্যায়ের অন্তর্গত ? পদকর্তা কে ? তাৎপর্য ব্যাখ্যা করুন।

1 + 1 + 3

৯. যদি এসে মৃত্যুঞ্জয়, উমা নেবার কথা কয় —

এবার মায়ে-বিয়ে করবো ঝগড়া জামাই বলে মানব না।

— পদকর্তা ও পর্যায়ের নাম উল্লেখ করে উদ্ধৃত অংশের তাৎপর্য ব্যাখ্যা করুন।

1 + 1 + 3

অথবা

হাদি-পদ্ম উঠবে ফুটে, মনের আঁধার যাবে ছুটে

তখন ধরাতলে পড়বো লুটে, তারা বলে হব সারা ॥

— কোন্ত পর্যায়ের পদ ? পদকর্তা কে ? উদ্ধৃত অংশের তাৎপর্য ব্যাখ্যা করুন।

1 + 1 + 3

১০. কহিতে জানিস বেটা কপট প্রবন্ধ।

হৃদয়ে পূরিত বিষ মুখে মকরণ্দ ॥

কার উদ্দেশ্যে কে একথা বলেছে ? উক্তিটির নিহিতার্থ ব্যাখ্যা করুন।

2 + 3

অথবা

বামন হইয়া হাত বাড়াইলে শশী।

আখেটীর ঘরে শোভা পাইবে উর্বশী ॥

— কার উক্তি ? উক্তিটির তাৎপর্য লিখুন।

1 + 4

—————